

পিআইবি কলকাতার মিডিয়া ডাইরেক্টরি, ২০১৭ প্রকাশিত

কলকাতা, ২১ এপ্রিল, ২০১৭

প্রেস ইনফরমেশন ব্যুরো (পিআইবি)-র কলকাতা কার্যালয়ে আজ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে মিডিয়া ডাইরেক্টরি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হল। কার্যালয়ের অতিরিক্ত মহানির্দেশক শ্রী দেবাজন চক্রবর্তী ২০১৭-এর মিডিয়া ডাইরেক্টরিটি প্রকাশ করলেন। রাজ্যের প্রায় সমস্ত সংবাদমাধ্যমের সঙ্গে যুক্ত প্রতিনিধিদের যোগাযোগের নম্বর ডাইরেক্টরিতে রয়েছে।



ডাইরেক্টরি প্রকাশ করে শ্রী চক্রবর্তী বলেন, শুরুটা খুব সাদামাটা হলেও এবং ডাইরেক্টরিতে কিছু ভুল-ত্রুটি থাকলেও কলকাতা, বিশেষ করে, জেলাগুলির সংবাদমাধ্যমের প্রতিনিধিদের নাম ও যোগাযোগের নম্বর সংগ্রহ করার কাজ মোটেও সহজ ছিল না। এমনকি, বহু ক্ষেত্রে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের নাম ও যোগাযোগের নম্বর সংগ্রহে কঠোর পরিশ্রমও করতে হয়েছে। ডাইরেক্টরির পরবর্তী সংস্করণগুলিতে সংবাদমাধ্যমের আরও প্রতিনিধিদের নাম ও যোগাযোগের নম্বর এবং পুরনো ভুল-ত্রুটিগুলি সংশোধন করা হবে বলেও শ্রী চক্রবর্তী আশ্বাস দেন। পিআইবি এই প্রথমবার জেলাগুলির সংবাদমাধ্যমের প্রতিনিধিদেরও সামিল করে এ ধরনের ডাইরেক্টরি প্রকাশ করল বলে তিনি ভাষণ প্রসঙ্গে জানান।

উল্লেখ করা যেতে পারে যে, পিআইবি কলকাতার আধিকারিকদের এক বছরের কঠোর পরিশ্রমের ফলস্বরূপ এ ধরনের ডাইরেক্টরির প্রকাশ সম্ভব হয়েছে।

TRIPURAINFO

এই ডাইরেক্টরিরতিনটি বিভাগ রয়েছে - মুদ্রণ, বৈদ্যুতিন ও ওয়েবপোর্টাল।
সংবাদমাধ্যমের প্রতিনিধিদের নাম ও যোগাযোগের নম্বর ছাড়াও আপেকালীন
জরুরি পরিষেবাগুলির যোগাযোগ নম্বরও এতে রয়েছে।

অনুষ্ঠানে দূরদর্শন কলকাতার যুগ্ম নির্দেশক শ্রী বি ডি এম আশ্বেদকর, পিআইবি
কলকাতার যুগ্ম নির্দেশক শ্রী চিন্ময় চট্টোপাধ্যায়, দূরদর্শন কলকাতার সিনিয়র নিউজ
করেসপনডেন্ট শ্রী স্নেহাশীষ শূর, পিআইবি কলকাতার দুই উপ-নির্দেশক শ্রী অজয়
মেহমিয়া ও শ্রী পার্থ ঘোষ উপস্থিত ছিলেন।

